

শুভ মিলনলগনে বাজুক বাঁশি
মেঘযুক্ত গগনে জাগুক হাসি ॥
কত দুঃখে কত দূরে দূরে আঁধারসাগর ঘুরে ঘুরে
সোনার তরী তীরে এল ভাসি ।
পূর্ণিমা-আকাশে জাগুক হাসি ॥
ওগো পুরবালা,
আনো সাজিয়ে বরণডালা,
যুগলমিলনমহোৎসবে শুভ শঙ্খরবে
বসন্তের আনন্দ দাও উচ্ছ্বাসি ।
পূর্ণিমা-আকাশে জাগুক হাসি ॥

Parjaay: Prem / Mayar-Khela, Taal: Dadra, Raag: Kanara
Visit www.geetabitan.com for notation and other detail